



অমর একুশে বইমেলা ২০২১-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত দুটি গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠিত



অমর একুশে বইমেলা ২০২১-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত দুটি গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠান ২৮ মার্চ -২০২১, রবিবার, বিকাল পাঁচ টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টল (স্টল নং-৭২১) সম্মুখে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে গ্রন্থসমূহের মোড়ক উন্মোচন করেন উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

অনুষ্ঠানে বাংলা বিভাগের অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস-এর 'সাব-অল্টার্ন তত্ত্ব: উদ্ভব, বিকাশ ও প্রভাব' এবং ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোস্তফা কামাল-এর 'বঙ্গবন্ধুর বাকশাল কর্মসূচি: কুরআন-সুন্নাহর আলোকে একটি মূল্যায়ন' গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নূরে আলম আব্দুল্লাহ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, সহকারী প্রক্টরবৃন্দ, শিক্ষার্থী, কর্মকর্তা, ছাত্র ও সাংবাদিক নেতৃবৃন্দ।

উল্লেখ্য ২০১৭ সাল থেকে অদ্যাবধি পষন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রায় ১৭টি গবেষণাধর্মী পান্ডুলিপি পুস্তক আকারে প্রকাশ করেছে এবং আরো বেশ কয়েকটি পান্ডুলিপি প্রকাশের প্রক্রিয়াধীন রয়েছে।